

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

পুয়ের্তো রিকান ডে প্যারেডে (PUERTO RICAN DAY PARADE), গভর্নর কুওমো ছাত্র স্বেচ্ছাসেবীদের সাথে সাক্ষাতের জন্য পুয়ের্তো রিকোতে যাত্রা করার কথা ঘোষণা করেছেন

গভর্নর কুওমো বলেন: "আমরা প্রথম দিন বলেছিলাম যে আমরা পথের প্রতিটি ধাপে পুয়ের্তো রিকোর সাথে থাকবো যেখানে এখনও কাজ করা বাকি আছে। আমরা এখনও তা করছি। এই গ্রীষ্মে আমরা আরও কলেজ ছাত্রদের স্টেট উইনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) এবং সিটি উইনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY) থেকে নিয়ে আসবো, আবার 300 জন ছাত্র যারা পুনর্নির্মাণে সাহায্য করবে। আমি পুনর্নির্মাণে কার করার জন্য আবার যাবো ওই ছাত্রদের সঙ্গে কাজ করার জন্য।"

গভর্নর কুওমো বলেন: "আমরা একটি কমিশন গঠন করছি যা হারিকেন মারিয়া এবং তার দ্বারা আক্রান্তদের স্মরণ করবে ...এবং এই সেপ্টেম্বরে, যা হারিকেন মারিয়ার বার্ষিকী, তারা সেই স্মারকটির জন্য বিজয়ী নকশা এবং এটি ব্যাটারি পার্ক সিটিতে (Battery Park City) কোথায় থাকবে তা ঘোষণা করবে।"

আগে আজকে পুয়ের্তো রিকান ডে প্যারেডে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ঘোষণা করেছিলেন যে তিনি পুয়ের্তো রিকো যাবেন SUNY এবং CUNY ছাত্র স্বেচ্ছাসেবকদের সাথে সাক্ষাৎ করার জন্য যারা দ্বীপটিকে 2017 সালের হারিকেন মৌসুমের বিধ্বংসী প্রভাব থেকে উদ্ধার করতে সহায়তা করছেন।

গভর্নরের বক্তব্যের [অডিও](#) শোনা যাবে [এখানে](#)।

গভর্নরের সাক্ষাৎকারের একটি রাশ ট্রান্সক্রিপ্ট নিচে দেওয়া হল:

আমরা সবাইকে আনন্দময় পুয়ের্তো রিকান ডে প্যারাড কামনা করি। আমরা সবাই আজ ঐক্যবদ্ধ। পুয়ের্তো রিকান সম্প্রদায় এই শহর এবং এই রাজ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং আমরা সকলেই আজ পুয়ের্তো রিকান হওয়া এবং তারা এই শহর এবং এই রাজ্যে যে সুন্দর সম্পদ নিয়ে এসেছে তা উদযাপন করি। এটা বিশেষত তাৎপর্যপূর্ণ কারণ পুয়ের্তো রিকোতে আমাদের ভাই ও বোনেরা এখনো হারিকেন মারিয়ার কারণে কষ্ট পাচ্ছেন। এবং হারিকেন মারিয়া একটি দ্বিগুণ দুঃখজনক ঘটনা ছিল, এটি একটি হারিকেন ছিল এবং তারপরে ফেডারেল সরকার পুয়ের্তো রিকোকে সেই সহায়তা প্রদান করেননি যা তাকে দেওয়া উচিত ছিল, যেভাবে আমরা এই দেশ জুড়ে অন্যান্য সম্প্রদায়ের সাথে কাজ করেছি এবং সারা বিশ্বে করেছি। কারণ ফেডারেল সরকার একটি গুরুত্বপূর্ণ বিষয় ভুলে

গেছেন, যা হল পুয়ের্তো রিকানরা আমেরিকার নাগরিক, এবং ফেডারেল সরকার যা করেছে তা অপমানজনক।

নিউ ইয়র্কে আমরা তা ভুলে যাই নি। আমরা প্রথম দিন বলেছিলাম যে আমরা পথের প্রতিটি ধাপ পুয়ের্তো রিকোয়ের সাথে থাকবো। কংগ্রেসউওম্যান ভ্যালাজকোয়েজ, কংগ্রেসম্যান মার্কস ক্রেস্পো, রুবেন ডায়াজ, হারিকেন মারিয়ার পরে পুয়ের্তো রিকোতে আমরাই প্রথম উপস্থিত হওয়া ব্যক্তিদের মধ্যে ছিলাম। এখনও কাজ করা বাকি আছে। আমরা এখনও তা করছি। এই গ্রীষ্মে আমরা আরও কলেজ ছাত্রদের স্টেট উইনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) এবং সিটি উইনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) থেকে নিয়ে আসবো, আরো 300 জন ছাত্র যারা পুনর্নির্মাণে সাহায্য করবে। কংগ্রেসউওম্যান, রুবেন ডায়াজ, মার্কোস ক্রেস্পোর সাথে পুনরায় গড়ে তোলার জন্য আমি আবার সেই ছাত্রদের সাথে কাজ করতে যাচ্ছি কারণ এখনো কাজ করার আছে।

আমরা একটি কমিশন গঠন করছি যা হারিকেন মারিয়া এবং হারিকেন মারিয়ার দ্বারা আক্রান্তদের স্মরণ করবে। কংগ্রেসউওম্যান ভ্যালাজকোয়েজ এবং অ্যাসেম্বলিম্যান মার্কোস ক্রেস্পো এই কমিটির সহ-চেয়ারপারসন হিসেবে রয়েছেন। ব্যাটারি পার্ক সিটিতে ছয়টি অবস্থান রয়েছে যা তারা হারিকেন মারিয়ার শিকারদের স্মৃতিস্মৃষ্টি নির্মাণের জন্য পর্যালোচনা করবেন। এবং এই সেপ্টেম্বরে, যা হারিকেন মারিয়ার বার্ষিকী, তারা সেই স্মারকটির জন্য বিজয়ী নকশাটি ঘোষণা করবেন এবং সেটি ব্যাটারি পার্ক সিটিতে কোথায় থাকবে তাও জানাবেন।

অতএব, আমরা এখনও পুয়ের্তো রিকো পুনর্নির্মাণের জন্য কাজ করছি এবং আমরা আগের তুলনায় এটি আরও ভালোভাবে তৈরি করতে চলেছি। এবং নিউইয়র্কবাসীরা এর প্রতি অঙ্গিকারবদ্ধ। এবং আমরা একটি স্থায়ী স্মৃতিসৌধ তৈরি করতে যাচ্ছি যাতে লোকেরা পুয়ের্তো রিকোতে কি ঘটেছে তা কখনো ভুলে না যায় এবং পুয়ের্তো রিকোর জনগণকে এই দেশ যা অসম্মান দেখিয়েছে তা ভুলে না যান এবং এরকম যেন আর কখনও না ঘটে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)